অপর মামলা নং -২০৫/২০১৭ (বোয়ালখালী)

উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
বোয়ালখালী সহকারী জজ আদালত, চট্টগ্রাম।

আদেশ নং-৩০
তারিখ- ৯/৭/২৪

অদ্য একতরফা আদেশের জন্য দিন ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেছেন।

অতপর নথি আদেশের জন্য নেওয়া হলো।

বাদীপক্ষ তফসিল বর্নিত নালিশী সম্পত্তিতে স্বত্ব ও তৎ সম্পর্কিত পটিয়া সাব-রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ০৯/০৮/১৯৭৫ ইং তারিখের ৭২৫৯ নং নিরুপণ নামা দলিল; বোয়ালখালী সাব-রেজিষ্ট্রি অফিসের রেজিষ্ট্রিকৃত ২৮/০৫/৭৯ ইং তারিখের ৩৩২৬/৩৩২৯ নং কবলা ও ৩১/০৮/১৯৮৬ ইং তারিখের ২১৮২ নং কবলা সংশোধনের ডিক্রীর প্রার্থনায় ১-৭ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৭ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মোকদ্দমায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ১৬/০৫/২০২২ ইংতারিখের ১৮ নং আদেশ মূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মোকদ্দমা প্রমানের জন্য বাদীপক্ষে  নং বাদী মুন্সি মিয়া **P.W.-1** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্ম বর্নিত কাগজাদি দাখিল করেন।

১। আর. এস. ৭১০ নং খতিয়ানের সি. সি. প্রদর্শনী- ১

২। বি. এস. ৫১৪ নং খতিয়ানের সি. সি. প্রদর্শনী- ২

৩। ১৯৩৮ ইং সনের ৯৭৫ নং  পাট্টা কবলা সিসি প্রদর্শনী- ৩

৪। ৯/৮/১৯৭৫ ইং তারিখের ৭২৫৯ নং নিরুপন নামা দলিলের সি.সি প্রদর্শনী- ৪

৫। ২৮/৫/৭৯ ইং তারিখের ৩৩২৬/৩৩২৯ নং কবলা সি. সি. প্রদর্শনী- ৫ সি.

৬। ৩১/০৮/১৯৮৬ ইং তারিখের ২১৮২ নং কবলার সি. সি. প্রদর্শনী- ৬

মুন্সি মিয়া **P.W.-1** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৬) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী তফসিলোক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়। নালিশী সম্পত্তি সংশ্লিষ্ট তর্কিত দলিল সমূহে দলিল লিখকের অসাবধাণতা ও অনিচ্ছাকৃত ত্রুটির কারনে তফসিলে প্রকৃত আর এস খতিয়ান ও বি এস দাগ নম্বর ভুল লিপি হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

ইহা উল্লেখ করা আবশ্যক যে, বিবাদীপক্ষ অত্র মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ থাকা স্বত্বেও হাজির না হওয়ায় বাদীপক্ষে উপস্থাপিত মৌখিক ও দালিলিক প্রমাণাদি অলঙ্ঘনীয় প্রকৃতির বলে আমি বিবেচনা করি। এরুপ পরিস্থিতিতে উক্ত অবিসংবাদিত ও অবিকৃত সাক্ষ্যসমূহ গ্রহন

করা এবং উক্ত অলঙ্ঘনীয় দালিলিক সাক্ষ্য ও আরজি বর্নিত বক্তব্যের উপর নির্ভর করা ব্যাতিরেকে আদালতের সম্মুখে বিকল্প কোন পথ খোলা নেই। সার্বিক বিবেচনায় বাদীপক্ষ তাহার আরজি প্রার্থিত মতে প্রতিকার পাবার হকদার বলে আমি মনে করি। সুতরাং অত্র মামলা ডিক্রিযোগ্য এবং বাদীপক্ষ তার প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশহয় যে,

স্বত্ব ঘোষনা ও দলিল সংশোধনের ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৭ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে এক-তরফাসূত্রে বিনা খরচায় ডিক্রি প্রদান করা হলো।

এতদ্বারা ঘোষনা করা যাচ্ছে যে তফসিলোক্ত ২০ শতক ভূমিতে বাদীর স্বত্ব রহিয়াছে। তফসিল বর্নিত ২০ শতক সম্পত্তি সম্পর্কিত পটিয়া সাব-রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ০৯/০৮/১৯৭৫ ইং তারিখের ৭২৫৯ নং নিরুপণ নামা দলিলে আর এস ৭১০ নং খতিয়ানের স্থলে ৮৫৪ নং খতিয়ান; বোয়ালখালী সাব-রেজিষ্ট্রি অফিসের রেজিষ্ট্রিকৃত ২৮/০৫/৭৯ ইং তারিখের ৩৩২৬/৩৩২৯ নং কবলায় আর এস ৭১০ নং খতিয়ানের স্থলে ৭১০/৩ ও বি এস ১০৩৮১ নং দাগের স্থলে ১০৩৮২ নং দাগ এবং ৩১/০৮/১৯৮৬ ইং তারিখের ২১৮২ নং কবলায় আর এস ৭১০ নং খতিয়ানের স্থলে ৭১০/৩ ও বি এস ১০৩৮১ নং দাগের স্থলে ১০৩৮২ নং দাগ লিপি হইয়াছে যাহা সংশোধনযোগ্য।

এতদ্বারা দাতা আবদুল ছমদ কর্তৃক গ্রহীতা- আবদুস ছালাম গং এর অনুকূলে সম্পাদিত পটিয়া সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ০৯/০৮/১৯৭৫ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৭২৫৯ নম্বর নিরুপননামা দলিলের তফসিলে **“ আর এস জরিপের ৮৫৪ নং খতিয়ানে ” কর্তন পূর্বক তৎস্থলে “ আর এস জরিপের ৭১০ নং খতিয়ানে ” ৩ (তিন) গন্ডা বা ৬ (ছয়) শতক ”** লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলটি সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল **সংশিষ্ট *ভলিয়মের* সংশ্লিষ্ট পৃষ্ঠায়** প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

এতদ্বারা দাতা মোসাম্মৎ আলমাছ খাতুন কর্তৃক গ্রহীতা- মোসাম্মৎ মরিয়ম এর অনুকূলে সম্পাদিত বোয়ালখালী সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ২৮/০৫/১৯৭৯ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৩৩২৬ ও ৩৩২৯ নম্বর কবলা দলিলের তফসিলে **“ আর এস জরিপের ৭১০/৩ নং খতিয়ান ” কর্তন পূর্বক তৎস্থলে “ আর এস জরিপের ৭১০ নং খতিয়ানে ” এবং বি এস ১০৩৮২ দাগ কর্তনে তৎস্থলে বি এস ১০৩৮১ নং দাগ** লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলদ্বয় সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং

তৎকারণে উক্ত দলিল **সংশিষ্ট *ভলিয়মের* সংশ্লিষ্ট পৃষ্ঠায়** প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

এতদ্বারা দাতা মোসাম্মৎ মরিয়ম বেগম কর্তৃক গ্রহীতা- বাদী মোহাঃ মুন্সি মিয়া এর অনুকূলে সম্পাদিত বোয়ালখালী সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ৩১/০৩/১৯৮৬ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ২১৮২ নম্বর কবলা দলিলের তফসিলে **" আর এস জরিপের ৭১০/৩ নং খতিয়ান" কর্তন পূর্বক তৎস্থলে " আর এস জরিপের ৭১০ নং খতিয়ান " এবং বি এস ১০৩৮২ দাগ কর্তনে তৎস্থলে " বি এস ১০৩৮১ নং দাগ"** লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলদ্বয় সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল **সংশিষ্ট *ভলিয়মের* সংশ্লিষ্ট পৃষ্ঠায়** প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করার জন্য জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে জেলা রেজিস্ট্রার, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম ও সাব-রেজিস্ট্রার, পটিয়া সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম ও বোয়ালখালী সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
বোয়ালখালী সহকারী জজ আদালত,
পটিয়া, চট্টগ্রাম।

(মোঃ হাসান জামান)
সিনিয়র সহকারী জজ
বোয়ালখালী সহকারী জজ আদালত,
পটিয়া, চট্টগ্রাম।